গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
হিসাব শাখা
www.rajshahidiv.gov.bd

নম্বর : ০৫.৪৩.০০০০.০০৯.০১.১০০.২১.৭০ তারিখ : ১৩/০৫/২০২৪ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ১৩ মার্চ, ২০২৪খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩৯.১৬.২৫ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে প্রচলিত নিয়োগবিধি অনুযায়ী নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত রাজশাহী বিভাগের স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে অনলাইন এ (http://divraj.teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের প্রকৃতি | পদ সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১। | উপ প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর) | অস্থায়ী | ১(এক)টি | টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা;<br>(গ) কম্পিউটার হার্ডওয়্যার সম্পর্কে বেসিক ধারণা;<br>(ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দের গতি সম্পন্ন হতে হবে; এবং<br>(ঙ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে নূন্যতম বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ২। | সহকারী প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর) | স্থায়ী | ১(এক)টি | টাকা ১০,২০০-২৪,৬৮০ (গ্রেড-১৪) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা;<br>(গ) কম্পিউটার হার্ডওয়্যার সম্পর্কে বেসিক ধারণা;<br>(ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০ শব্দের গতি সম্পন্ন হতে হবে; এবং<br>(ঙ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে নূন্যতম বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ৩। | হিসাবরক্ষক | অস্থায়ী | ১(এক)টি | টাকা ১০,২০০-২৪,৬৮০ (গ্রেড-১৪) | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা; এবং<br>গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ৪। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | স্থায়ী | ১৪(চৌদ্দ)টি | টাকা ৯,৩০০-২২,৪৯০ (গ্রেড-১৬) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা; এবং<br>গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে নূন্যতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ৫। | ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর | অস্থায়ী | ২(দুই) টি | টাকা ৯,৩০০-২২,৪৯০ (গ্রেড-১৬) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test (স্ট্যান্ডার্ড এপটিটিউড টেস্ট) এ উত্তীর্ণ হতে হবে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬। | ডেসপাস রাইডার | অস্থায়ী | ১(এক) টি | টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) মোটরসাইকেল চালনায় বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সধারী। |
| ৭। | অফিস সহায়ক | অস্থায়ী | ৬(ছয়)টি | টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮। | নিরাপত্তা প্রহরী | অস্থায়ী | ১(এক)টি | টাকা ৮২৫০-২০০১০/ (গ্রেড-২০) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) সুস্বাস্থ্যের অধিকারী। |
| ৯। | মালি | অস্থায়ী | ১(এক)টি | টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০। | পরিচ্ছন্নতাকর্মী | অস্থায়ী | ১(এক)টি | টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

## শর্তাবলি :

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও রাজশাহী বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বরাবর আবেদন করতে হবে।

৩. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৪. বিভাগীয়/চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে লিখিত অনাপত্তি গ্রহণ করে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। উক্ত অনাপত্তিপত্র মৌখিক পরীক্ষার সময় সাক্ষাতকার বোর্ডের নিকট দাখিল করতে হবে। বিভাগীয়/চাকরিরত প্রার্থীর আবেদনের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

৫. **লিখিত এবং ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে :**

(ক) অনলাইনে পুরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy);

(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র;

(গ) পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ১ (এক) কপি নাগরিকত্ব সনদপত্র;

(ঘ) জাতীয় পরিচয়পত্রের মূলকপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদের পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদ;

(ঙ) ডেসপাস রাইডার পদের ক্ষেত্রে মোটরসাইকেল চালনায় বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সধারী হতে হবে এবং লাইসেন্স এর মূলকপি;

(চ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় চাকরির জন্য আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৩১/০৮/২০২৩ তারিখের ৪৮.০০.০০০০.০০২.৯৯.০০৪.১৮.১৯ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd)-তে প্রকাশিত সমন্বিত তালিকা ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর ওয়েবসাইট (www.bffwt.gov.bd)-তে বিদ্যমান টিআইএমএসএস-এ প্রকাশিত নামই বৈধ/স্বীকৃত মুক্তিযোদ্ধা হিসেবে বিবেচিত হবে। এ ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ ৩০ মে ১৯৫৯ অথবা তার পূর্বে হতে হবে।

(ছ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে :

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকা বা গেজেটে মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ: | প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক (মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখ করতে হবে) | মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | ১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ:<br>২। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্ম তারিখ:<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ:<br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ: | |

(জ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক;

(ঝ) ১ হতে ৫ নং ক্রমিকে উল্লিখিত পদের ক্ষেত্রে প্রশিক্ষণের সনদপত্র;

(ঞ) ডেসপাস রাইডার পদের ক্ষেত্রে মোটরসাইকেল চালনায় বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্স;

(ট) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঠ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

৬. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র/কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র/কন্যা এই মর্মে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৭. মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশপত্র দাখিল করতে হবে। কোনো মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য সংবলিত ওয়ারিশপত্র গ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেয়া হবে।

৮. লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে বর্ণিত সকল সনদ ও কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১ (এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সিলে সুস্পষ্ট নাম ও পদবি থাকতে হবে।

৯. প্রার্থীর বয়সসীমা ১৫/০৬/২০২৪ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা একই তারিখে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১০. নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমাণক মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটায় নিয়োগের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ড/বিভাগীয় নির্বাচনি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ে উক্ত সনদ সঠিক বলে প্রমাণিত হতে হবে।

১১. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কোনো প্রার্থী তথ্য গোপন করলে অথবা অসদুপায় অবলম্বন করলে কিংবা প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থিতা/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২. নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ দেয়া হবে না।

১৩. কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪. আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

১৫. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**<u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি/শর্তাবলি :</u>**

(ক) আগ্রহী প্রার্থীগণ http://divraj.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) অনলাইন-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২০/০৫/২০২৪ খ্রি. সকাল ১০:০০ টা

(ii) অনলাইন-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৫/০৬/২০২৪ খ্রি. রাত ১১:৫৯ টা।

(iii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইন-এ আবেদন জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে যেকোনো টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর হতে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) অনলাইন আবেদনে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। সেহেতু অনলাইন-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী অনলাইন-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।

(ঙ) **<u>এসএমএস প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান</u>** : অনলাইন-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক সাম্প্রতিক তোলা ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় আবেদন করতে পারবেন। উল্লেখ্য, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন।

Applicant's Copy-তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর হতে ২ (দুই)টি এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ১ থেকে ৫ নং পদের জন্য ২০০/-

(দুইশত) টাকা ও টেলিটক-এর এসএমএস সার্ভিস চার্জ (কমিশন) বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা এবং ৬ থেকে ১০ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ১০০/- (একশত) টাকা ও টেলিটক-এর এসএমএস সার্ভিস চার্জ (কমিশন) বাবদ ১২/-(বারো) টাকাসহ মোট ১১২/-(একশত বারো) টাকা (অফেরতযোগ্য) পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে জমা দেবেন। উল্লেখ্য, অনলাইন-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**নিয়মাবলি :**

প্রথম এসএমএস: DIVRAJ <space> User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example: DIVRAJ <space> ABCDEF send to 16222
Reply: Applicant's Name.Tk.223/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DIVRAJ <space> YES <space> PIN and send to 16222.
দ্বিতীয় এসএমএস: DIVRAJ <space> YES <space> PIN লিখে 16222 নম্বরে send করতে হবে।
Example: DIVRAJ YES12345678 Send to 16222.
Reply: Congratulation Applicant's Name payment completed successfully for DIVRAJ Application for xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxxx).

(চ) এসএমএস-এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

(ছ) এসএমএস-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙিন প্রিন্ট করে নেবেন। প্রার্থীকে প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক এবং ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সংরক্ষণ ও সচল রাখতে হবে। এসএমএস পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) প্রবেশপত্র সংগ্রহের বিষয়টি http://divraj.teletalk.com.bd অথবা বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী-এর www.rajshahidiv.gov.bd তথ্য বাতায়ন হতে জানা যাবে এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস-এর মাধ্যমে যোগ্য প্রার্থীদের যথাসময়ে জানানো হবে। শুধু টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত এসএমএস পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: DIVRAJ <space> Help <space> User <space> UserID send to 16222
Example: DIVRAJ Help UserABCDEF & send to 16222
(ii) PIN জানা থাকলে: DIVRAJ <space> Help <space> PIN <space> PIN No & send to 16222.
Example: DIVRAJ Help PIN 12345678 & send to 16222.

(ট) অনলাইন-এ আবেদন করতে কোনো সমস্যা হলে, যেকোনো টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ নম্বর-এ কল অথবা vas.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। টেলিটক কর্তৃপক্ষ এ সেবা প্রদান করবে।

স্বাক্ষরিত/-
১৩/০৫/২০২৪খ্রি.
বিভাগীয় কমিশনার
রাজশাহী